**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার
স্বাস্থ্য অধিদপ্তর, সিবিএইচসি কার্যালয়
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
ই-মেইল ঃ cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- স্বাঃ অধিঃ/সিবিএইচসি/প্রশাসন-০৭/২০১৯/ ৭৬৪ — তারিখঃ ২৫/০৪/২০১৯ ইং

বরাবর,

১। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)।
২। সিভিল সার্জন (সকল)।
৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল)।

**বিষয় ঃ ২৬শে এপ্রিল এর পরিবর্তে ২৮শে এপ্রিল ১৯তম কমিউনিটি ক্লিনিক দিবস উদযাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনাদের বলিষ্ট নেতৃত্ব এবং সক্রিয় সহযোগিতার মাধ্যমে কমিউনিটি ক্লিনিকের সার্বিক কার্যক্রম বাস্তবায়ন সম্ভব হয়েছে এতে করে সারাদেশে গ্রামীন ও সুবিধা বঞ্চিত জনগন মানসম্মত স্বাস্থ্য সেবা পাচ্ছেন।

উল্লেখ থাকে যে, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিগত ২৬শে এপ্রিল, ২০০০ ইং তারিখে গোপালগঞ্জ জেলাধীন টুঙ্গীপাড়া উপজেলার পাটগাতী ইউনিয়নের গিমাডাঙ্গা কমিউনিটি ক্লিনিক শুভ উদ্বোধন করেন। আপনারা জানেন যে, ২০০১ থেকে ২০০৮ সাল পর্যন্ত এর কার্যক্রম বন্ধ থাকলে ও ২০০৯ সালে বর্তমান সরকার ক্ষমতায় আসার পর এই কার্যক্রমকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে পুনরুজ্জীবীতকরণের প্রকল্প গ্রহণ করে। উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রীর চিন্তাপ্রসুত ১০টি অগ্রাধিক ভিত্তিক কার্যক্রম সমূহের মধ্যে অন্যতম সফল একটা কর্মসূচী হলো কমিউনিটি ক্লিনিক কার্যক্রম। **২৬শে এপ্রিল শুক্রবার সরকারী ছুটির দিন থাকায় ২৮শে এপ্রিল/২০১৯ ১৯তম কমিউনিটি ক্লিনিক দিবস উদযাপন হবে।**

উল্লেখ্য, দিবসটি সফলভাবে উদযাপনের লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে, জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে মাননীয় সংসদ সদস্য, উপজেলা পরিষদ, স্থানীয় এনজিও, কমিউনিটি ক্লিনিকের সাথে সম্পৃক্ত সকল সহযোগী সংস্থা/প্রতিষ্ঠান, কমিউনিটি গ্রুপ ও কমিউনিটি সাপোর্ট গ্রুপের সহযোগিতায় উপজেলা ও কমিউনিটি ক্লিনিক পর্যায়ে দিবসটি পালন করতে হবে। দিবসটি উদযাপনের জন্য ইতিমধ্যে সিবিএইচসি কার্যালয় থেকে প্রতিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৮,০০০ (আট হাজার টাকা মাত্র) এবং প্রতিটি কমিউনিটি ক্লিনিকে ১,০০০ (এক হাজার টাকা মাত্র) টাকা প্রদান করা হয়েছে প্রয়োজনে কমিউনিটি ক্লিনিকের তহবিল হতে সিজি গ্রুপ কর্তৃক আলোচনা সাপেক্ষে ব্যয় করতে পারবে।

এমতাবস্থায়, আপনার বিভাগীয় পর্যায়ে, জেলা পর্যায়ে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং উপজেলাধীন সকল কমিউনিটি ক্লিনিকে যাতে দিবসটি বিপুল উৎসাহ উদ্দীপনার মাধ্যমে সফলভাবে পালিত হয় তার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং সকল সিএইচসিপিদেরকে যথাসময়ে দিক নির্দেশনা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

**সংযুক্তঃ অনুষ্ঠানের কর্মসূচী।**

২৫/০৪/১৯
(অধ্যাপক ডাঃ মোঃ আবুল হাসেম খান)
লাইন ডাইরেক্টর
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর
ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- স্বাঃ অধিঃ/সিবিএইচসি/প্রশাসন-০৭/২০১৯/ — তারিখঃ /০৪/২০১৯ ইং

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১. সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টি বোর্ড, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
৬. উপ পরিচালক (স্বাস্থ্য) ও ডিভিশন লেভেল ম্যানেজার, ............................বিভাগ (সকল)।
৭. অফিস কপি।

(অধ্যাপক ডাঃ মোঃ আবুল হাসেম খান)
লাইন ডাইরেক্টর
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।

# কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা দিবসে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের খসড়াসূচী

তারিখ : ২৮ এপ্রিল ২০১৯ : সম্ভাব্য সময় : সকাল ৮:৩০ হতে ১১:৩০ পর্যন্ত।

| ক্র: নং | সময় | কার্যক্রম | বাস্তবায়নের দায়িত্ব | অংশগ্রহনকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | সকাল ৮:৩০ মি. | র‌্যালীর আয়োজন | ইউএইচএন্ডএফপিও এবং উপজেলা প্রশাসন | স্থানীয় সংসদ সদস্য/উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান এনজিও প্রতিনিধি | |
| ২ | সকাল ৯:৩০ মি. | আলোচনা অনুষ্ঠান | ঐ | - অংশগ্রহনকারীদের আসন গ্রহন<br>- সভাপতি এবং প্রধান ও বিশেষ অতিথিদের আসন গ্রহন<br>- পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ<br>- স্বাগত বক্তব্য ও কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠার পটভূমি এবং উপজেলায় সিসির পর্যায়ক্রমিক সম্প্রসারন ও হালনাগাদ তথ্য<br>- জনপ্রতিনিধি ও অংশগ্রহনকারীদের মধ্য হতে ২ জন<br>- বিশেষ অতিথি ও প্রধান অতিথির ভাষন<br>- সভাপতির ভাষন ও সভার সমাপ্তি ঘোষনা | |

১. **র‌্যালীর আয়োজন ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, স্থানীয় প্রশাসন, এনজিও ও সংশ্লিষ্ট বিভাগের সহায়তায় উপজেলা বিভিন্ন সেবাদানকারীর সমন্বয়ে সকাল ০৮:৩০ টায় একটি র‌্যালীর আয়োজন করবেন। র‌্যালীটি উপজেলা সদরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করবে। এ জন্য স্থানীয় উদ্যোগে পরিকল্পনা গ্রহন করা যেতে পারে।

২. আলোচনা সভা ঃ কমিউনিটি ক্লিনিকের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত সভায় উপস্থাপনের জন্য কমিউনিটি ক্লিনিক সংক্রান্ত জাতীয় ও স্থানীয় তথ্যাদি আলোচনা করতে হবে। স্থানীয় তথ্যাদির মধ্যে উপজেলায় ১৯৯৮-২০০১ সালে নির্মিত ও চালুকৃত মোট কমিউনিটি ক্লিনিকের সংখ্যা এবং এখন পর্যন্ত (হালনাগাদ) নির্মিত ও চালুকৃত সিসির সংখ্যা, নিয়োগকৃত সিএইচসিপির সংখ্যা, উপজেলায় কমিউনিটি ক্লিনিকসমূহ হতে সেবাগ্রহনকারীর সংখ্যা, কমিউনিটি ক্লিনিক পরিচালনায় স্থানীয় জনগোষ্ঠি/জনপ্রতিনিধিদের ভূমিকা ইত্যাদি। এছাড়া কমিউনিটি গ্রুপ ও কমিউনিটি সাপোর্ট গ্রুপ গঠনের উদ্দেশ্য ও ভূমিকা বিষয়েও সভায় আলোকপাত করতে হবে। এছাড়া স্থানীয়ভাবে উদ্ভাবনীমূলক কোন কার্যক্রম বা কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অবদান থকলে সেটিও উপস্থাপন করতে হবে।

৩. দিবসটি সফলভাবে পালন করার লক্ষ্যে স্থানীয় সংসদ সদস্য/উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান এবং স্থানীয় বিবেচনায় বিশিষ্ট ব্যক্তি/কর্মকর্তাদের সমন্বয়ে সভা করে একটি পরিকল্পনা গ্রহন করা যেতে পারে। উক্ত সভায় অত্র দপ্তর হতে প্রদেয় সীমিত বাজেটের সঙ্গে স্থানীয় সম্পদ ব্যবহার করা যেতে পারে।

৪. কর্মসূচী সফল করার লক্ষ্যে উপজেলায় কর্মরত এনজিওদের সহযোগিতা নেয়া যেতে পারে।

২৫/০৪/১৯

(অধ্যাপক ডাঃ মোঃ আবুল হাসেম খান)
লাইন ডাইরেক্টর
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর
ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।